

PG CBCS
M.A. Semester-II Examination, 2022
BENGALI
PAPER: BNG 203
(রবীন্দ্র সাহিত্য পাঠ)

Full Marks: 40


Time: 2 Hours

বিভাগ-ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

8 X 2 = 16

- ১) 'শ্যামলী' কাব্যটি কত সালে প্রকাশিত? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- ২) 'আমারই চেতনার রঙে পান্না হল সবুজ ...' কোন কবিতার পঙ্ক্তি? পরের পঙ্ক্তি কী?
- ৩) 'রক্তকরবী' নাটকে উল্লেখিত একটি গ্রামের নাম লেখো। সেখানে কোন গুরুত্বপূর্ণ চরিত্রটির বাড়ি ছিল?
- ৪) 'রক্তকরবী' নাটকের ফসল সংক্রান্ত গানটি কতবার শোনা গেছে?
- ৫) 'চতুরঙ্গ' উপন্যাসে জ্যাঠামশাইয়ের মৃত্যু কিভাবে হয়? তিনি কোন চিকিৎসকদের অবশিষ্য ছিলেন?
- ৬) 'একরাত্রি' গল্পের নায়ক কী হতে এসে মাটসীনি, গারিবন্দি হবার আয়োজন করেছিলেন ?
- ৭) 'রেবী, চলে আয়'- কে বলেছেন? রেবী কে? তিনি কী করলেন ?



বিভাগ -খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

8 X 8 = 64

- ১) 'কনি' কবিতায় শাস্ত্র প্রেমের আবেগ প্রকাশিত -আলোচনা করো।
- ২) 'বঞ্চিত' ও 'অপরপক্ষ' কবিতায় যে বিফল মিলনের আভাস পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।
- ৩) 'মরা ব্যাঙ' ও 'নীলকণ্ঠ পাখির পালক' 'রক্তকরবী' নাটকে কী তাৎপর্য বহন করেছে?
- ৪) 'চতুরঙ্গ' উপন্যাসে দামিনী চরিত্ররূপ লেখো।
- ৫) 'চতুরঙ্গ' উপন্যাসে ননীবালায় মৃত্যুর গুরুত্ব ও তাৎপর্য সংক্ষেপে আলোচনা করো।

(P.T.O)

(২)

- ৬) “রবীন্দ্রনাথের ‘ক্ষুধিতপাষণ’ গল্পটি ভূত ছাড়া ভূতের গল্প” -মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।
- ৭) ‘শেষমাসটার’ গল্পে নাগরিক জীবনের আত্মপরায়ণতা ও পল্লীজীবনের আত্মীয়পরায়ণতার যে ছবি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।

বিভাগ-গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

৮ X ২ = ১৬

- ১) ‘শ্যামলী’ কাব্যের ‘হঠাৎ দেখা’ কবিতায় প্রেমের চিরন্তনতার দর্শন কিভাবে বিধৃত হয়েছে আলোচনা করো।
- ২) চেতনাপ্রবাহমূলক উপন্যাসের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করে ‘চতুরঙ্গ’ চেতনাপ্রবাহমূলক উপন্যাস হিসেবে কতখানি সার্থক তা বিশ্লেষণ করো।
- ৩) ‘রক্তকরবী’ বিশুদ্ধ রূপক বা সাংকেতিক নাটক নয় – এই দুইয়ের মিশ্রিত রূপ; আলোচনা করো।
- ৪) রবীন্দ্রনাথের ‘একরাত্রি’ গল্পে একটিমাত্র রাত্রি কিভাবে নায়কের তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা হিসেবে ধরা দিয়েছে তা বিশ্লেষণ করো।

